দৈনিক ইনকিলাব

তারিখ 29 APR 1988
পৃষ্ঠা ৮ কলাম ৮



# বহিষ্কৃত পরীক্ষার্থী কর্তৃক প্রধান শিক্ষক প্রহৃত

।। খুলনা অফিস ।।

খুলনা, ২৮ এপ্রিল।— অসদুপায় অবলম্বনের দায়ে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কারকালে হস্তক্ষেপ না করায় পরীক্ষার্থী কর্তৃক প্রচণ্ড মার খেয়েছেন প্রধান শিক্ষক। ঘটনার মূল চরিত্র পাইকগাছা উপজেলার গড়ুইখালী নিবাসী ইদ্রিস সরদারের ছেলে মোহাম্মদ হায়দার আলী সরদার।

উক্ত হায়দার আলী এ বছর গড়ুইখালী আলম শাহী উচ্চ বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী ছিল। গত ১৩ মার্চ বিকেলের পরীক্ষায় অসদুপায় অবলম্বনকালে কপিলমুনি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক হাতেনাতে ধরা পড়ে। এ সময় ঘটনাস্থলে উপস্থিত পাইকগাছার উপজেলা ম্যাজিস্ট্রেট হায়দার আলীকে পরীক্ষা থেকে বহিষ্কার করেন।

গত ৩ এপ্রিল সকাল সোয়া ৯টায় হায়দার আলী সরদার বন্দুক হাতে গড়ুইখালী আলম শাহী উচ্চ বিদ্যালয়ের দোতলায় উঠে যায়। এ সময় লাঠিসোটা হাতে তার ২ সহোদর আইউব আলী সরদার ও ইউনুস আলী সরদার সাথে ছিল। তারা প্রধান শিক্ষক নলীনি রঞ্জন মণ্ডলকে বিশ্রাম কক্ষে পেয়ে, "কেন কপিল মুনি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করে ঠেকাননি" এমন সব প্রশ্ন তুলে রড ও বন্দুকের বাট দিয়ে এলোপাতাড়ি মারধোর শুরু করে। ফলে প্রধান শিক্ষকের দু'টি হাত ভেঙ্গে গেছে এবং মাথা ফেটেছে। এছাড়াও তার শরীরের বিভিন্ন অংশ জখম হয়েছে। গুরুতর আহত অবস্থায় তাকে পাইকগাছা হাসপাতালে ভর্তি করা হয়। খুলনা জেলা শিক্ষক সমিতি এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে দোষী ব্যক্তিদের শাস্তির দাবী জানিয়েছেন।